



একলাখী কিশলয় বিদ্যাপীঠ সমাজের সকল স্তরের অভিভাবক-ছাত্রছাত্রীদের নিয়ে ২০১৫ শিক্ষাবর্ষ থেকে পথ চলা শুরু করে। তবে অভিভাবকদের একান্ত অনুরোধ তথা উদ্বৃত্ত বিভিন্ন সামাজিক পরিস্থিতির কথা চিন্তাভাবনা করে এই বিদ্যাপীঠ ২০২৪ শিক্ষাবর্ষ থেকে আবাসিক পর্যায়ে উন্নীত হয়। বর্তমানে এই শিক্ষায়তন ছেলে ও মেয়েদের পৃথক ক্যাম্পাসে বিভক্ত মুক্ত প্রাকৃতিক পরিবেশে যুগোপযোগী শিক্ষার বিভিন্ন পরিকাঠামো নিয়ে গড়ে উঠা একটি আবাসিক ও অনাবাসিক - মাধ্যমিক বিদ্যালয়, যা ছাত্র-ছাত্রীদের মানসিক তথা বৌদ্ধিক বিকাশে উপযোগী।



আবাসিক ছাত্র-ছাত্রীদের নিয়মাবলী :-

- ১) ছাত্রাবাসে আসার সময় প্রত্যেক ছাত্র-ছাত্রীদের নিজেদের একটি ট্রাঙ্ক, মশারি, বিছানাপত্র, থালা, গ্লাস এবং প্রয়োজনীয় সামগ্রী নিয়ে আসতে হবে। বিদ্যালয় থেকে তার জন্য শুধুমাত্র একটি বেড দেওয়া হবে।
- ২) কোন মূল্যবান সামগ্রী যেমন সোনার অলংকার, ইলেকট্রনিক গেজেট, ধাতুর নির্মিত কোন সামগ্রী, যেকোনো ধরনের যন্ত্রপাতি কঠোরভাবে নিষিদ্ধ।
- ৩) কোন টাকা পয়সা ছাত্রছাত্রীরা নিজেদের কাছে রাখতে পারবেনা।

৪) কোন ছাত্র-ছাত্রীর যদি চিকিৎসা সংক্রান্ত কোনো বিশেষ প্রয়োজন হয়, তবে হোস্টেল সুপারকে তা প্রথমে জানাতে হবে। হোস্টেল সুপার তারপর প্রয়োজনীয় পদক্ষেপ নেবেন এবং প্রয়োজন অনুসারে ডাক্তার প্রেসক্রাইব করা ঔষধই একমাত্র প্রদান করা হবে।

৫) আবাসিক ছাত্র-ছাত্রীদের সঙ্গে প্রতি ১৫দিন অন্তর (শুধুমাত্র রবিবার) বেলা দুটো থেকে চারটার মধ্যেই কেবলমাত্র বাবা-মা দেখা করতে পারবেন। তবে কোন জরুরী প্রয়োজন হলে অধ্যক্ষের পূর্ব অনুমতি প্রয়োজন। নির্দিষ্ট অভিভাবক ছাড়া অন্য কোন অভিভাবক ছাত্র-ছাত্রীদের সঙ্গে কোনোভাবেই দেখা করতে পারবেন না।

৬) কোন অভিভাবক ছাত্র-ছাত্রীদের সঙ্গে দেখা করতে এলে প্রথমে ওয়েটিং ক্যাম্পাসে তাকে অপেক্ষা করতে হবে। সরাসরি বিদ্যালয় ক্যাম্পাসে প্রবেশ করা কঠোরভাবে নিষিদ্ধ। সন্ধ্যা ছ'টার পর কোনোভাবেই কোন অভিভাবক বিদ্যালয় ক্যাম্পাসে প্রবেশ করতে পারবেন না।

৭) ছাত্র-ছাত্রীদের সঙ্গে দেখা করতে এসে কোন প্রকার মাংস বা ওই ধরনের কোন রান্না করা খাবার সঙ্গে আনা কঠোরভাবে নিষিদ্ধ।

৮) ছাত্রছাত্রীরা টিফিন হিসেবে ছোলার ছাতু বিভিন্ন ধরনের ড্রাইফুড, সিজিলাল ফল সঙ্গে নিয়ে আসতে পারবে। কঠোরভাবে নিষিদ্ধ বিভিন্ন ধরনের প্রসেস ফুড, বিস্কুট,পাউরুটি,কোল্ড ড্রিঙ্কস এই ধরনের খাবারগুলি।

৯) কেবলমাত্র কোন বড় ছুটিতে যেমন দুর্গাপূজা, গরমের ছুটিতেই ছেলেমেয়েরা বাড়ি যেতে পারবে। তবে বিশেষ প্রয়োজন হলে অধ্যক্ষের পূর্ব অনুমতি প্রয়োজন হবে।

১০) যদি কোন আবাসিক শিক্ষার্থী বিদ্যালয়ের কোন সম্পত্তি নষ্ট করে বা খারাপ করে দেয় কিংবা কোনো প্রকার অশালীন আচরণ করে যা শিক্ষার পরিবেশ কে কলুষিত করে, তবে সেই বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ যথোপযুক্ত ব্যবস্থা নেবে।

১১) ছাত্রাবাসে থাকা ছাত্র-ছাত্রীদের সুস্থ জীবন-যাপনের জন্য একটি অনুকূল পরিবেশ রচনা করাই বিদ্যালয় কর্তৃপক্ষের প্রথম এবং প্রধান দায়িত্ব।



বেতন বিষয়ক নির্দেশনা :-

১) আবাসিক/অনাবাসিক প্রত্যেক ছাত্র-ছাত্রীদের মাসিক বেতন প্রতি ইংরেজি মাসের ৭ তারিখের মধ্যে প্রদান করতে হবে। অন্যথায় প্রতি মাসের জন্য ৫০ টাকা করে লেট ফি ধার্য হবে।

২) বেতন দেওয়ার সময় নির্দিষ্ট বেতন কার্ড অবশ্যই সাথে আনতে হবে।

৩) যদি কোন অভিভাবক অনলাইন পেমেন্ট করেন তবে তাকে স্কুলের হোয়াটসঅ্যাপ (8016004454) এই নম্বরে পেমেন্ট স্লিপ, ছাত্র-ছাত্রীর নাম ও ক্লাস উল্লেখ করতে হবে।

৪) যদি কোন অভিভাবক মাসিক বেতন নির্দিষ্ট সময় দিতে না পারেন তবে তিনি নির্দিষ্ট সময়ের মধ্যে একটি অ্যাপ্লিকেশন বিদ্যালয় জমা করবেন।

৫) কোন আবাসিক শিক্ষার্থীর যদি হোস্টেল ছাড়ার প্রয়োজন হয়, তবে সংশ্লিষ্ট অভিভাবককে ছাত্রটির হোস্টেল ছাড়ার কারণ একমাস আগে লিখতে আকারে হোস্টেল সুপারের কাছে জানাতে হবে এবং সুপার অধ্যক্ষের সঙ্গে আলোচনা করে যথোপযুক্ত কারণ বিশ্লেষণ করার পর তাকে রিলিজ অর্ডার দেবেন।

আবাসিক ছাত্র-ছাত্রীদের প্রতিদিনের রুটিন :-

১) প্রতিদিন সকাল পাঁচটায় ঘুম থেকে ওঠা ও ঈশ্বর-উষ্ণ দুই-তিন গ্লাস গরম জল সেবন করা ।

২) সকাল ৫.৪৫ মিনিট থেকে ৬:৪৫ মিনিট পর্যন্ত যোগাসন ও প্রাণায়াম।

৩) সকাল ৬:৪৫ মিনিট থেকে সাতটার মধ্যে হালকা টিফিন ।

৪) সকাল সাতটা থেকে ৯.৪৫ পর্যন্ত সকালের পড়াশোনা ।

৫) ৯. ৪৫ মিনিটে স্নান করা এবং গরম ভাত খাওয়া ।

৬) সকাল সাড়ে দশটায় বিদ্যালয়ের ক্লাসরুমে প্রবেশ করা । এরপর দুপুর ১.৩০ মিনিটে দুপুরের লাঞ্চ । ক্লাস চলবে বিকাল তিনটা কুড়ি পর্যন্ত।

৭) বিকাল ৩:২০ থেকে বিকাল ৪.০০ টা পর্যন্ত ব্রেক । বিকালের চারটা থেকে সন্ধ্যা সাড়ে ৬টা পর্যন্ত বিকেলের কোচিং এবং বিকালের জল খাবার সন্ধ্যা ৬.৩০ মিনিটে ।

৮) সন্ধ্যা সাড়ে ৬ টা থেকে সাতটা পর্যন্ত সারাদিনের বিভিন্ন অ্যাক্টিভিটি প্রধান শিক্ষক চেক করবেন এবং সন্ধ্যা সাতটা থেকে সাড়ে সাতটা পর্যন্ত টিফিন বিরতি ।

৯) সন্ধ্যা সাড়ে সাতটা থেকে রাত্রি দশটা পর্যন্ত সেক্স স্টাডি। এর মধ্যে রাত্রি সাড়ে আটটায় রাত্রের খাবার।

১০) রাত্রি দশটায় লাইট অফ এবং ঘুমাতে যাওয়া ।

